গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
**বিচার শাখা-৭**
**সরকারি পরিবহন পুল ভবন,**
**সচিবালয় লিংক রোড, ঢাকা।**

নং-১০.০০.০০০০.১৩১.১১.১৫৮.৮৬-৬৩

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১ / ০৬ মে ২০২৪

**বিষয় : সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার ০৪ নং মাগুড়া বিনোদ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ জাহিদুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, (ক) সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার ০৪ নং মাগুড়া বিনোদ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ জাহিদুল ইসলাম কর্তৃক (০১) মোছাঃ বৃষ্টি খাতুন, পিতা-মজনু বেপারী, মাতা-মোছাঃ জয়গন খাতুন, গ্রাম-নাদো সৈয়দপুর মশিন্দা পাড়া, ডাকঘর-নাদো সৈয়দপুর, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ, (০২) মোছাঃ আইরিন খাতুন, পিতা-মোঃ আইয়ুব আলী, মাতা-মোছাঃ নাজমা খাতুন, গ্রাম-হামকুড়িয়া শেখপাড়া, ডাকঘর-দোবিলা, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ, (০৩) মোছাঃ জান্নাতি খাতুন, পিতা-মোঃ রফিকুল ইসলাম, মাতা-মোছাঃ মিনতি খাতুন, গ্রাম-নাদো সৈয়দপুর পাটগাড়ী, ডাকঘর নাদো সৈয়দপুর, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ, (০৪) মোছাঃ নুপুর খাতুন, পিতা-মোঃ মজির উদ্দিন, মাতা-মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, গ্রাম-হামকুড়িয়া, ডাকঘর-দোবিলা, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ, (০৫) মোছাঃ মুর্শিদা খাতুন, পিতা-মোঃ মোস্তফা, মাতা-মোছাঃ রাজেদা খাতুন, গ্রাম-হামকুড়িয়া, ডাকঘর-দোবিলা, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ ও (০৬) মোছাঃ জান্নাতি খাতুন, পিতা-মোঃ জিয়াউর রহমান, মাতা-মোছাঃ ফরিদা খাতুন, গ্রাম ও ডাকঘর-দোবিলা, উপজেলা-তাড়াশ, জেলা-সিরাজগঞ্জ এর বাল্য বিবাহ নিবন্ধনের অভিযোগ জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ এর তদন্তে প্রমানিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় জনাব মোঃ জাহিদুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। (খ) শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ জাহিদুল ইসলাম এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ-কে নির্দেশ প্রদান করা হলো। (গ) শূন্যঘোষিত উক্ত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, তাড়াশ, সিরাজগঞ্জ-কে নির্দেশ প্রদান করা হলো।

০৬/০৫/২০২৪
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং ১০.০০.০০০০.১৩১.১১.১৫৮.৮৬-৬৩

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩১ / ০৬ মে ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ।
০৬। সাব-রেজিস্ট্রার, তাড়াশ, সিরাজগঞ্জ।
০৭। জনাব মোঃ জাহিদুল ইসলাম, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৪ নং মাগুড়া বিনোদ ইউনিয়ন, তাড়াশ, সিরাজগঞ্জ।
০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

০৬/০৫/২০২৪
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮